

## ■ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ৩০৬২

২৭/ আদব

পরিচ্ছেদঃ নেকী ও সংযমশীলতার কাজে পারস্পরিক সহযোগিতার গুরুত্ব

আরবী

وَعَنِ أَبِي عَبْدِ الرَّحْمَانِ زَيْدِ بْنِ خَالِدِ الْجُهْنِيِّ قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ جَهَّزَ غَازِيًّا  
فِي سَبِيلِ اللَّهِ فَقَدْ غَزَّا وَمَنْ خَلَفَ غَازِيًّا فِي أَهْلِهِ بِخَيْرٍ فَقَدْ غَزَّا مُتَّفِقُ عَلَيْهِ

বাংলা

আল্লাহ তাআলা বলেন,

وَتَعَاوَنُوا عَلَى الْبِرِّ وَالتَّقْوَى

অর্থাৎ, সৎকাজ ও আত্মসংযমে তোমরা পরস্পর সহযোগিতা কর। (সূরা মায়েদাহ-৫: ২)

তিনি আরো বলেন,

وَالْعَصْرِ إِنَّ الْإِنْسَانَ لَفِي خُسْرٍ إِلَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ وَتَوَاصَوْا بِالْحَقِّ وَتَوَاصَوْا بِالصَّبْرِ

অর্থাৎ, মহাকালের শপথ। মানুষ অবশ্যই ক্ষতিগ্রস্ত। কিন্তু তারা নয়, যারা ঈমান আনে ও সৎকর্ম করে এবং পরস্পরকে সত্ত্বের উপদেশ দেয়। আর উপদেশ দেয় ধৈর্য ধারণের। (সূরা আসর)

ইমাম শাফেয়ী (রাঃ) বলেন, লোকেরা অথবা তাদের অধিকাংশই এই সূরা নিয়ে চিন্তা-ভাবনা করার ব্যাপারে উদাসীন। (তফসীর ইবনে কাসীর)

(৩০৬২) আবু আব্দির রাহমান যায়ন্দ ইবনে খালিদ জুহানী (রাঃ) বলেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ”যে ব্যক্তি সরঞ্জাম দিয়ে আল্লাহর পথে কোন মুজাহিদ প্রস্তুত ক'রে দিল, নিঃসন্দেহে সে ব্যক্তি স্বয়ং জিহাদ করল। আর যে ব্যক্তি কোন মুজাহিদের পরিবারে উন্নমনুপে প্রতিনিধিত্ব করল, নিঃসন্দেহে সেও জিহাদ করল।” (অর্থাৎ, সেও জিহাদের নেকী পাবে।)

## ফুটনেট

(বুখারী ২৮৪৩, মুসলিম ৫০১১)

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ যায়দ ইবনু খালিদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=66810>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন